দৈনিক বাংলা

তারিখ... ৫/৯/৭২

পৃষ্ঠা... ১ ... কলাম... ৫ ...

৪৭)

119

## চট্টগ্রামে ছাত্রনেতাদের ওপর হামলা

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ৪ঠা সেপ্টেম্বর।–আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবিরের হামলায় কয়েকজন ছাত্র নেতা লাঞ্ছিত হয়েছেন।

সকাল সাড়ে ১১টায় সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতা রেজাউল করিমকে শিবির কর্মীরা চাকসু ভবনে ধরে নিয়ে তার উপর হামলা চালায়। এ সময় প্রক্টরের উপস্থিতিতে তাকে উদ্ধার করা হয়। পরে পুলিশ তাকে গ্রেফতার করে।

(৫–এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রামে ছাত্রনেতাদের

(প্রথম পৃঃ পর)

এদিকে চাকসু জিএস, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট রেজাউল করিমকে অবিলম্বে মুক্তি প্রদানের দাবী জানিয়েছে।

আগামী ৬ই সেপ্টেম্বর সর্বদলীয় ছাত্র ঐক্য নগরীতে প্রতিবাদ সভা আহ্বান করেছে।